

প্রেস রিলিজ

০৫ মে ২০২৪

মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে বাউবি উপাচার্যের সাক্ষাৎ




মহামান্য রাষ্ট্রপতি মো: সাহাবুদ্দিন ঐর হাতে শুভেচ্ছা ক্রেস্ট তুলে দিচ্ছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) চ্যান্সেলর মো: সাহাবুদ্দিন ঐর সঙ্গে বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার আজ ৫ মে ২০২৪; রবিবার দুপুরে বঙ্গভবনে এক সৌজন্য সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের উদ্ভাবনী ও কর্মমুখী শিক্ষাকার্যক্রম, শিক্ষার্থীবান্ধব প্রযুক্তি সহায়তা, বহিঃবাংলাদেশে বাউবির প্রসারসহ সার্বিক অগ্রগতি তুলে ধরেন। এ সময়, মহামান্য রাষ্ট্রপতিকে উপাচার্য বাউবির নতুন লোগো, ক্রেস্ট, বার্ষিক প্রতিবেদন, পরিক্রমা, ডায়েরি ও ক্যালেন্ডার তাঁর হাতে তুলে দেন।

রাষ্ট্রপতি উপাচার্যের বিভিন্ন কথা গুরুত্বসহকারে শোনেন এবং আগামীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দিকনির্দেশনা দেন।



ড. আ.ফ.ম. মেজবাহউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)